দৈনিক
ইত্তেফাক

22 MAR 2003

# 'অচিরেই নতুন শিক্ষা কমিশন ঘোষণা করা হবে'

গাজীপুর সংবাদদাতা ।। প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী বলেছেন, বর্তমান সরকার শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন সাপেক্ষে যুগোপযোগী একটি শিক্ষা ব্যবস্থা চালু করতে যাচ্ছে। এজন্য অচিরেই একটি নতুন শিক্ষা কমিশন ঘোষণা করা হবে। কমিশন আশা প্রকাশ করেন, এটাই হবে সবার গ্রহণযোগ্য সর্বশেষ শিক্ষা কমিশন। তিনি বৃহস্পতিবার টঙ্গী পাইলট স্কুল এণ্ড গার্লস কলেজ আয়োজিত 'নকল প্রতিরোধে শিক্ষক ও অভিভাবকদের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন। হাসান উদ্দিন সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জনাব আশরাফুল আলম, প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব মুশফিকুল ফজল, গাজীপুরের অতিরিক্ত জেলা

(১৬শ পৃঃ দ্রঃ)

## সকলের সহযোগিতা

(১৫শ পৃঃ পর)

প্রশাসক (সার্বিক) সিরাজুল ইসলাম প্রমুখ।

হারিছ চৌধুরী বলেন, নকলের বিরুদ্ধে বর্তমান সরকারের পদক্ষেপ ইতিমধ্যে প্রশংসা অর্জন করেছে। সন্ত্রাস, চাঁদাবাজি ও নকলমুক্ত দেশ গড়তে সরকারের একার পক্ষে সম্ভব নয়। এক্ষেত্রে সর্বস্তরের সকলের আন্তরিক সহযোগিতা প্রয়োজন।